


২০০৮

বার্ষিক প্রতিবেদন ২০০৮



AL-ARAFAH ISLAMI BANK LIMITED

العرفة اسلامى بنك لميتيد

আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড



বার্ষিক প্রতিবেদন ২০০৮



AL-ARAFAH ISLAMI BANK LIMITED

العرفة اسلامي بنك لميتيد

আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড

শরীয়াহ ও আধুনিক ব্যাংকিং-এর এক অনন্য সমন্বয়

প্রধান কার্যালয় : রহমান ম্যানশন, ১৬১, মতিঝিল বা/এ, ঢাকা - ১০০০

ফোন : ৯৫৬৮০০৭, ৯৫৬৭৮৮৫, ৭১২৩২৫৫-৭, ৯৫৬০১৯৮





আল্লাহ ব্যবসাকে করেছেন হালাল

এবং সুদকে করেছেন হারাম।

সূরা বাকারাহ, আয়াত-২৭৫।

সুদ সম্পর্কিত পবিত্র কুরআনের আয়াত

“যারা সুদ খায়, তারা সেই ব্যক্তির মতো দাঁড়াবে যাকে শয়তান তার স্পর্শ দ্বারা জ্ঞানশূন্য করে দিয়েছে। তাদের অবস্থা এরূপ হওয়ার কারণ, তারা বলে ব্যবসা তো সুদেরই মতো অথচ আল্লাহ ব্যবসাকে হালাল করেছেন আর সুদকে করেছেন হারাম। কাজেই যে ব্যক্তির নিকট তার রবের তরফ থেকে এই উপদেশ পৌঁছবে এবং ভবিষ্যতে এই সুদ খাওয়া হতে বিরত থাকবে সে আগে যা কিছু খেয়েছে তা তো খেয়েছেই, সে ব্যাপারটি সম্পূর্ণরূপে আল্লাহরই উপর সোপর্দ। আর যারা নির্দেশ পাওয়ার পরও এর পুনরাবৃত্তি করবে তারা নিশ্চিতরূপে জাহান্নামী, সেখানে তারা চিরকাল থাকবে।” (সুরা বাকারাহ-২৭৫)

“হে ঈমানদারগণ! আল্লাহকে ভয় করো, আর তোমাদের যে সুদ লোকদের নিকট পাওনা রয়েছে, তা ছেড়ে দাও, যদি বাস্তবিকই তোমরা ঈমানদার হয়ে থাকো।” (সুরা বাকারাহ-২৭৮)



সুদ সম্পর্কে মহানবী (সাঃ) এর হাদিস

- ❖ হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) বর্ণনা করেছেন- রাসুলুল্লাহ (সাঃ) সুদদাতা ও সুদগ্রহীতা উভয়ের উপর অভিশাপ (লা'নত) দিয়েছেন। (মুসলিম, আবু দাউদ, তিরমিযী, ইবনে মাজাহ)
- ❖ হযরত জাবির বিন আব্দুল্লাহ (রাঃ) বর্ণনা করেছেন রাসুলুল্লাহ (সাঃ) সুদদাতা, সুদগ্রহীতা, সুদের চুক্তিপত্রের লেখক ও সাক্ষী সকলের উপর অভিশাপ (লা'নত) দিয়েছেন এবং বলেছেন, তারা সকলে সমান অপরাধী। (মুসলিম শরীফ)
- ❖ হযরত আব্দুল্লাহ বিন আবু আওফা (রাঃ) বর্ণনা করেছেন রাসুলুল্লাহ (সাঃ) বলেছেন, সুদভিত্তিক মুদ্রা ব্যবসায়ীদের জাহান্নামের খবর পৌঁছে দিও। (তাবরানী)
- ❖ হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) বর্ণনা করেছেন রাসুলুল্লাহ (সাঃ) বলেছেন, সুদের ৭৩টি স্তর রয়েছে, তার মধ্যে সর্বাপেক্ষা নিম্নস্তরের অপরাধের পরিমাণ হলো মায়ের সাথে জেনায় (ব্যভিচারে) লিপ্ত হওয়া। (ইবনে মাজাহ, হাকেম)
- ❖ হযরত আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেছেন রাসুলুল্লাহ (সাঃ) বলেছেন, 'তোমরা ৭টি নিশ্চিত ধ্বংসকারী বিষয় থেকে আত্মরক্ষা করবে। তার মধ্যে তৃতীয়টি হলো সুদ। (বুখারী, মুসলিম, আবু দাউদ, নাসায়ী)

সুদ সম্বন্ধে অন্যান্য ধর্ম ও বিজ্ঞানের বাণী

হযরত মুসা (আ:) এর দুটি কিতাব, যা ইহুদীদের ধর্মগ্রন্থ বলে বিবেচিত, সেগুলোতে সুদকে অবৈধ ঘোষণা করা হয়েছে। 'Exodus'-এর ২২তম স্তবকে বলা হয়েছে, 'তোমরা যদি আমার কোন গরীব লোককে টাকা ধার দাও, তবে তোমরা তার উত্তমর্গ মহাজন হবে না এবং তোমরা তার কাছ থেকে সুদ আদায় করবে না।'

অনুরূপভাবে ইহুদীদের দ্বিতীয় আরও একটি গ্রন্থ 'Deuteronomy'-এর ২৩তম স্তবকে বলা হয়েছে, 'তোমরা তোমাদের ভাইকে সুদে ধার দেবেনা -অর্থের উপর সুদ, খাদ্য সামগ্রীর উপর সুদ এবং যে কোন জিনিস যা ধার দেয়া হয় তার উপর সুদ।'

হিব্রু মতবাদকে মুসাই বা ইহুদী মতবাদ বলা হয়। হজরত মুসা (আঃ) প্রবর্তিত Commands বা আদেশবাণীই হিব্রু মতবাদের ভিত্তি। এতে অন্যান্য অর্থনৈতিক দিকের মধ্যে সুদ সম্পর্কিত স্পষ্ট নির্দেশ আছে।

হিন্দু মতবাদ মতে মহাজনী ব্যবসা বা সুদের ব্যবসা শুধু বৈশ্যদের একচেটিয়া ছিল। প্রাচীন অনুশাসনে সুদ সম্পূর্ণ নিষিদ্ধ ছিল। কিন্তু এই বিধান ছিল সম্পূর্ণভাবে ইহুদীদের জন্যে।

এক ইহুদী অন্য ইহুদীকে টাকা বা জিনিস ধার দিয়ে কোন রকম সুদ নিতে পারতেনা, কিন্তু ভিন্ন ধর্মাবলম্বী লোকদের নিকট ধার দিয়ে সুদ নেয়ার বিধান প্রচলিত ছিল।


কোন কোন লেখক 'তালমুদ' গ্রন্থ হতে উদ্ধৃতি দিয়ে বলেন যে, কেবল ইহুদী নয়, যে কারো নিকট হতে সুদ নেয়া হিব্রু পয়গাম্বরগণ নিষিদ্ধ করে দিয়েছেন।

খ্রীষ্ট ধর্মের একেবারে শুরু থেকে সংস্কার আন্দোলনের অভ্যুত্থান এবং রোমে পোপের আওতাধীন চার্চ হতে অন্যান্য চার্চের বিভক্তিকাল পর্যন্ত সুদ নিষিদ্ধ ছিল। খ্রীষ্ট বলেছেন, "ধার দিতে চাইলে অতিরিক্ত কিছু আশা না করেই দাও।"

সূচিপত্র

নবম বার্ষিক সাধারণ সভা	৬
পরিচালক পর্ষদ	৭
শরীয়াহ কাউন্সিল	৮
নির্বাহী বৃন্দ	৯
কর্পোরেট তথ্য	১০
১০ম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি	১১
পরিচালক পর্ষদের প্রতিবেদন	১২
এক নজরে ব্যাংকের চিত্র	২৫
শরীয়াহ কাউন্সিলের প্রতিবেদন	২৬
নিরীক্ষকদের প্রতিবেদন	২৭
ব্যালেন্স শীট	২৮
লাভ লোকসান হিসাব	৩০
নগদ প্রবাহ বিবরণী	৩১
তারল্য বিবরণী	৩২
ইকুইটি পরিবর্তনের বিবরণী	৩৩
হিসাবের টীকা সমূহ	৩৪
স্থায়ী সম্পদের বিবরণী	৫৩
সাধারণ তথ্য	৫৪
শাখার তালিকা	৬০
প্রক্সি ফরম	৬৩

নবম বার্ষিক সাধারণ সভা



পরিচালক পর্ষদ

উদ্যোক্তা পরিচালক (গ্রুপ-এ)

আলহাজ্ব আব্দুল মালেক মোল্লা
চেয়ারম্যান

আলহাজ্ব মোঃ আনোয়ার হোসেন
ভাইস চেয়ারম্যান

আলহাজ্ব এ. জেড. এম. শামসুল আলম
আলহাজ্ব মোঃ হারুন-অর-রশীদ খান
আলহাজ্ব আহমেদ আলী
আলহাজ্ব নাজমুল আহসান খালেদ
আলহাজ্ব ডাঃ বাহাউদ্দিন মুহাম্মাদ ইউসুফ
আলহাজ্ব ডাঃ ডি. এম. আমানুল হক
আলহাজ্ব মুহাম্মাদ হারুন
আলহাজ্ব মোঃ বাদশা মিয়া
আলহাজ্ব হাফেজ মোঃ এনায়েত উল্যা
আলহাজ্ব কাজী মোঃ মফিজুর রহমান
আলহাজ্ব মীর আহমেদ সওদাগর
আলহাজ্ব মুহাম্মদ ইয়াহিয়া
আলহাজ্ব বদিউর রহমান
আলহাজ্ব মোঃ মাহতাবুর রহমান
আলহাজ্ব আব্দুল মোক্তাদির
আলহাজ্ব কাজী আবু কাউসার
আলহাজ্ব মোঃ ফজলুর রহমান
আলহাজ্ব আহাম্মদুল হক
আলহাজ্ব আবদুস সামাদ

শেয়ারহোল্ডার পরিচালক (গ্রুপ-বি)

আলহাজ্ব খন্দকার মেসবাহউদ্দিন আহমেদ
আলহাজ্ব মোঃ সিরাজ-উদ-দৌলা

এক্স-অফিসিও পরিচালক

আলহাজ্ব মোঃ ইউসুফ আলী হাওলাদার

কোম্পানি সচিব

সৈয়দ এমদাদুল হক

শরীয়াহ কাউন্সিল

১	মুফতী আব্দুর রহমান	চেয়ারম্যান	প্রতিষ্ঠাতা পরিচালক ইসলামিক রিসার্চ সেন্টার বসুন্ধরা, ঢাকা-১২১২	৮৮২৫০৯১ (অফিস) ০১৭১-৮০৩৪০৯ ০১৮৯-২৫৮৪৪১
২	মাওলানা মুহিউদ্দীন খান	সদস্য	সম্পাদক, মাসিক মদীনা ৩৮/২ বাংলাবাজার ঢাকা-১১০০।	৭১১৪৫৫৫ (অফিস) ৯৫৭১৩৪৮ (অফিস) ৭৪১২১৩০ (বাসা)
৩	মাওলানা ইউসুফ আব্দুল মজিদ	সদস্য	খতীব, তারা মসজিদ ৮নং আবুল খায়রাত রোড আরমানিটোলা, ঢাকা-১১০০।	৭৩১০৯৪৯ (বাসা) ০১৯-৩৬৪০১৮
৪	মাওলানা রুহুল আমীন খান	সদস্য	নির্বাহী সম্পাদক দৈনিক ইনকিলাব ২/১ আর কে মিশন রোড ঢাকা-১২০৩।	৭১২২৭৭১ (অফিস) ৭১২২৭৭৯ (অফিস) ০১৭২-৮৫৯৪৭৫ ০১১-৮১১৮৭৮
৫	মাওলানা রুহুল আমীন	সদস্য	আল আশরাফ জেনারেল হসপিটাল বাড়ী নং ১২, রোড নং ২১ সেক্টর ৪, উত্তরা, ঢাকা - ১২৩০	৮৯৫২৮৫১-২ (অফিস) ০১৭৩-০০৩৭৫৮ ০১৭১-০৩০৯১৫
৬	আলহাজ্ব আব্দুল মালেক মোল্লা	সদস্য	চেয়ারম্যান আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ ১৬১, মতিঝিল বা/এ ঢাকা - ১০০০।	৯৫৬৯৩৫৪ (অফিস) ৮৮১৩৭১৭ (বাসা) ৮৮৬২০৭৯ (বাসা)
৭	মোঃ মুখলেছুর রহমান	সদস্য সচিব	৪১/১, পুরানা পল্টন লাইন (৬ষ্ঠ তলা) ঢাকা-১০০০।	৯৫৬৫৯৬০ (অফিস) ৭১৬১৬৯৩ (অফিস) ৮৩১৮৪১৬ (বাসা) ০১৭২-১৪৯৯৮৬

বাংলাদেশ ব্যাংক এর লেটার অব ইনটেন্ড, বিসিডি (পি) ৭৪৪ (ক) ২৩২৩, তারিখ ৬/১২/১৯৯৪-এর প্রদত্ত শর্তানুযায়ী (ড) গঠিত।

নির্বাহীবৃন্দ

আলহাজ্ব মোঃ ইউসুফ আলী হাওলাদার
ব্যবস্থাপনা পরিচালক

মোঃ আব্দুস সামাদ শেখ
উপ-ব্যবস্থাপনা পরিচালক

মোঃ আব্দুল মালেক
উপ-ব্যবস্থাপনা পরিচালক

এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট
নজরুল ইসলাম খান
সৈয়দ এমদাদুল হক

সহকারী ভাইস প্রেসিডেন্ট
মোঃ মাহতাব হোসেন
হাদী ফেরদাউস আহমদ

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট
এ.কে.এম. ফজলুল হক
এস. এ. এম. হাবিবুর রহমান
মোহাম্মদ গোলাম সারওয়ার
এ এন এম আব্দুস শহীদ
মোঃ আব্দুল গোফরান
মোঃ আনিছুর রহমান
মোঃ মোফাজ্জল হোসেন
মোঃ ওয়াহিদুর রহমান
মোঃ আব্দুল জলিল মিয়া

মোল্লা আলী আহমদ
এ.এইচ.এম. জাহাঙ্গীর আলম চৌধুরী
গাজী গোলাম মোস্তফা
মোঃ আনিছুর রহমান
মাহমুদুর রহমান মিয়া
মোহাম্মদ জিয়াউল করিম চৌধুরী
মোঃ ইলিয়াস মজুমদার
মোঃ মোশারফ হোসাইন খান
মোঃ ইসহাক

ভাইস প্রেসিডেন্ট
মোঃ আব্দুল মতিন
মোঃ আওকাত আলী
এ এইচ এম মুসা
মোঃ হজরত আলী মল্লিক
মোঃ এমদাদুল হক
মোঃ নাজির আহমদ চৌধুরী
মোঃ নুরুল আবসার
খন্দকার এনায়েত হোসেন
মোঃ মিজানুর রহমান
মোঃ আবুল কাশেম
মোঃ আতিকুর রহমান
মোঃ জিল্লুর রহমান

আনসার উদ্দিন আহমেদ
শেখ মাগফার উদ্দিন
মোঃ মাহবুবে রহমান
মোঃ আব্দুল ওয়াদুদ মল্লিক
মুহাম্মদ নুর আলী
এ এন এম মুফিদুল ইসলাম
মোঃ শাহাবুদ্দিন মোল্লা
মোঃ মমিনুল হক ভূঁইয়া
মোহাম্মদ আব্দুল মালেক
মোঃ মাহমুদুর রহমান
মোহাম্মদ নাদিম এসিএ
মোঃ আব্দুল খালেক

কর্পোরেট তথ্য ২০০৪

কোম্পানি সচিব
সৈয়দ এমদাদুল হক
এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট

নিরীক্ষক
হাওলাদার, ইউনুস এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্টস
৬৭ দিলকুশা বা/এ
ঢাকা-১০০০।

কে এম আলম, খালেক এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্টস
৮৫ মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

রেজিস্ট্রেশন এর তারিখ	১৮ জুন, ১৯৯৫
প্রথম শাখা উদ্বোধন	মতিঝিল শাখা, ঢাকা
উদ্বোধনের তারিখ	২৭ সেপ্টেম্বর, ১৯৯৫
অনুমোদিত মূলধন	১০০০.০০ মিলিয়ন টাকা
পরিশোধিত মূলধন	৫৮৬.৯৬ মিলিয়ন টাকা
মূলধনের দেশীয় অংশিদারিত্ব	১০০%
ইকুইটি	৯৫৭.২৬ মিলিয়ন টাকা
শাখার সংখ্যা	৪০ টি
আমানত	১০১০৮.২৮ মিলিয়ন টাকা
বিনিয়োগ	৮১৫০.১৬ মিলিয়ন টাকা
জনশক্তির সংখ্যা	৮০৩ জন
শেয়ারহোল্ডারের সংখ্যা	৫৩৭৯ জন

রেজিস্টার্ড অফিস
রহমান ম্যানশন
১৬১ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফোন: পিএবিএক্স: ৯৫৬৮০০৭, ৯৫৬০১৯৮, ৯৫৬৭৮৮৫,
৯৫৬৭৮১৯, ৯৫৬৯৩৫৩, ৭১২৩২৫৫-৭

টেলেক্স: ৬৩২৪০৯ AIBMBJ
ফ্যাক্স: ৮৮০-২-৯৫৬৯৩৫১
কেবল: JHEELARAFAH
সুইফট: ALARBDDH
ওয়েবসাইট: www.al-arafah.com
ই-মেইল: alarafah@bangla.net

আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ১৬১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

১০ম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড-এর দশম বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত কার্যাবলী সম্পাদনকল্পে আগামী ২৫মে, ২০০৫ রোজ বুধবার সকাল ১১.০০ টায় দরবার হল, বিডিআর, পিলখানা, ঢাকায় অনুষ্ঠিত হবে।

আলোচ্যসূচীঃ

- ১। ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে সমাপ্ত বছরের ব্যালেন্স শীট ও লাভ-লোকসান হিসাব, পরিচালক মন্ডলীর প্রতিবেদন ও নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
- ২। ২০০৪ সালের জন্য বোনাস শেয়ার হিসেবে লভ্যাংশ অনুমোদন।
- ৩। ব্যাংকের পরবর্তী বার্ষিক সাধারণ সভার সমাপ্তি পর্যন্ত ২ জন নিরীক্ষক নিয়োগ এবং তাঁদের পারিশ্রমিক নির্ধারণ।
- ৪। ব্যাংকের পরিচালক পর্ষদের ১০/১০/০৪ তারিখে অনুষ্ঠিত ১১৬ তম নিয়মিত সভায় চেয়ারম্যান জনাব আব্দুল মালেক মোল্লা এর পরিবর্তে পরিচালক জনাব এ জেড এম শামসুল আলম কর্তৃক সভাপতিত্ব করার অনুমোদন।

ব্যাংকের সকল সম্মানিত শেয়ারহোল্ডারকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত হওয়ার জন্যে অনুরোধ করা যাচ্ছে।

বোর্ডের আদেশক্রমে

সৈয়দ এমদাদুল হক

এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও কোম্পানী সচিব

ফোনঃ ৭১১৩৬৯৪

তারিখ, ঢাকা
২৪ মার্চ, ২০০৫

দ্রষ্টব্যঃ

- ১। ব্যাংকের শেয়ার ট্রান্সফার রেজিস্টার ০৬/০৫/২০০৫ থেকে ২৫/০৫/২০০৫ (উভয় দিনসহ) পর্যন্ত বন্ধ থাকবে।
- ২। সাধারণ সভায় উপস্থিত ও ভোটদানের যোগ্য কোন শেয়ারহোল্ডার তাঁর পরিবর্তে সভায় উপস্থিত ও ভোটদানের জন্য একজনকে প্রক্সি মনোনীত করতে পারেন। প্রক্সি ফরম যথাযথভাবে পূরণ করে ৮/- মূল্যমানের রেভিনিউ স্ট্যাম্পসহ সভা আরম্ভ হওয়ার কমপক্ষে ৪৮ ঘন্টা পূর্বে ব্যাংকের শেয়ার ডিপার্টমেন্ট, রহমান ম্যানশন, (৫ম তলা), ১৬১, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ এ অবশ্যই জমা দিতে হবে।
- ৩। সভায় বক্তব্য দানকারী/সম্মানিত শেয়ারহোল্ডারদের কোনো প্রশ্ন থাকলে সভার ৭ দিন পূর্বে ব্যাংকের শেয়ার ডিপার্টমেন্ট, রহমান ম্যানশন (৫ম তলা), ১৬১, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ এর বরাবরে পাঠানোর জন্য বিনীত অনুরোধ করা হচ্ছে।
- ৪। সভার দিন দুপুর ১২:০০ টার মধ্যে সম্মানিত শেয়ারহোল্ডারদের নাম সংশ্লিষ্ট কাউন্টারে অবশ্যই নিবন্ধন করার জন্যে অনুরোধ করা হচ্ছে। দুপুর ১২:০০ টার পর নিবন্ধন কার্যক্রম বন্ধ থাকবে।

পরিচালক পর্ষদের প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

সমস্ত প্রশংসা নিখিল জাহানের মালিক আল্লাহ তায়ালায় জন্যে। শান্তি ও কৃপা বর্ষিত হোক রাসূল মুহাম্মদ (সাঃ), তাঁর বংশধর ও সাহাবীগণের উপর।

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

পরিচালক পর্ষদ আনন্দের সাথে দশম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে খোশ আমদেদ জানাচ্ছে এবং ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে সমাপ্ত বছরের আর্থিক বিবরণীসহ ব্যাংকের বার্ষিক প্রতিবেদন আপনাদের সম্মুখে উপস্থাপন করছে।

অর্থনীতির গতি প্রকৃতি

বিশ্ব অর্থনীতি

তেলের অব্যাহত মূল্য বৃদ্ধি এবং বিশ্ব রাজনৈতিক অঙ্গন অস্থিতিশীল থাকা স্বত্বেও ২০০৪ সালে বিশ্ব উৎপাদন এবং বাণিজ্যের প্রবৃদ্ধি ছিলো ধনাত্মক। “ওয়ার্ল্ড ইকোনোমিক সিচুয়েশন এন্ড প্রসপেক্ট ২০০৫” শীর্ষক রিপোর্টে ২০০৪ সালে বিশ্ব উৎপাদন প্রবৃদ্ধি শতকরা ৪ ভাগ হয়েছে বলে উল্লেখ করা হয়েছে যা ২০০৩ সালে ছিল ২.৮ ভাগ এবং ২০০২ সালে ছিল শতকরা ১.৯ ভাগ। রিপোর্টে বিশ্ব বাণিজ্যের প্রবৃদ্ধি দেখানো হয়েছে শতকরা ১০.৬০ ভাগ যা ২০০৩ সালে ছিল ৬.২ ভাগ। আলোচ্য বছর উন্নত বিশ্বের উৎপাদন প্রবৃদ্ধিতে মিশ্র অবস্থা লক্ষ্য করা যায়। এ সময়ে যেখানে জাপানের উৎপাদন প্রবৃদ্ধি ঘটেছে ৩.৭ শতাংশ এবং যুক্তরাষ্ট্রের প্রবৃদ্ধি ঘটেছে ৪.২০ শতাংশ সেখানে ইউরোপীয় ইউনিয়নভুক্ত ১০টি দেশের উৎপাদন প্রবৃদ্ধি ছিল প্রায় ৫ শতাংশের কাছাকাছি। উৎপাদন প্রবৃদ্ধিতে সবচেয়ে এগিয়ে রয়েছে পূর্ব এশিয়ার অন্তর্ভুক্ত দেশ সমূহের অর্থনীতি। ২০০৪ সালে পূর্ব এশিয়ার দেশ সমূহের উৎপাদন প্রবৃদ্ধি হয়েছে শতকরা ৭.৫ ভাগেরও বেশি। ২০০৪ সালে অস্বাভাবিক উৎপাদন এবং বাণিজ্য প্রবৃদ্ধির কারণে ২০০৫ সালে বিশ্ব অর্থনৈতিক প্রবৃদ্ধিতে কিছুটা স্থবিরতা আসতে পারে। তবে দেশীয় চাহিদা সম্প্রসারণ, বাহ্যিক পরিবেশের উন্নয়ন এবং আন্তঃ আঞ্চলিক বাণিজ্য সহযোগিতা বৃদ্ধি পাওয়ায় এশিয়া ও প্রশান্ত-মহাসাগরীয় অঞ্চলের উন্নয়নশীল দেশ সমূহের অর্থনীতিতে প্রবৃদ্ধির হার পূর্বের পরিমাণে স্থির থাকতে পারে বলে প্রাক্কলন করা হয়েছে। অজালালীর মূল্যের ক্রমহ্রাসমান প্রবনতা মুদ্রাস্ফীতির হারকে ২০০৫ সালে বেশ খানিকটা নিম্নমুখী করে দেবে। তবে তেলের মূল্যের ওঠানামা বিশ্বের শক্তিশালী অর্থনীতির দেশ সমূহের জন্য উদ্বেগ বয়ে নিয়ে আসবে।

বাংলাদেশের অর্থনীতি

মোট দেশজ উৎপাদনের প্রধান নিয়ামক কৃষি, শিল্প এবং সেবা খাত সমূহের মধ্যে কেবল কৃষি খাতেই উৎপাদন প্রবৃদ্ধি ছিল পূর্ববর্তী বছরের তুলনায় কিছুটা কম। শস্য ও হার্টিকালচার খাতে উৎপাদন কম হওয়ায় কৃষি উৎপাদন প্রবৃদ্ধি পূর্ববর্তী বছরের শতকরা ৩.১ ভাগ থেকে হ্রাস পেয়ে শতকরা ২.৭ ভাগে দাঁড়ায়। শিল্প এবং সেবা খাতের উচ্চতর প্রবৃদ্ধির ফলে প্রকৃত মোট দেশজ উৎপাদন প্রবৃদ্ধি ২০০৪ অর্থ বছরে ৫.৫ শতাংশ হয়েছে যা পূর্ববর্তী অর্থ বছরে ছিল ৫.৩ শতাংশ।

২০০৪ অর্থ বছরে বৈদেশিক বাণিজ্যে আশানুরূপ প্রবৃদ্ধি ঘটেছে। এ সময়ে রপ্তানী আয় বেড়েছে শতকরা ১৫.৯ ভাগ আমদানী ব্যয় বেড়েছে ১২.৪ ভাগ এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশী কর্তৃক অর্থ প্রেরণের পরিমাণ বেড়েছে শতকরা ৯.৭০ ভাগ যা বৈদেশিক মুদ্রার রিজার্ভকে সমৃদ্ধ করেছে। আলোচ্য অর্থ বছরে মুদ্রাস্ফীতির হার ছিল ৬ শতাংশেরও বেশি কিন্তু মুদ্রাস্ফীতির এই উচ্চ হার সামগ্রিকভাবে অর্থনীতির উপর নেতিবাচক প্রভাব ফেলেনি।

কৃষি

সামগ্রিকভাবে আলোচ্য অর্থ বছরে কৃষি উৎপাদনের প্রবৃদ্ধি ছিল বিগত অর্থ বছরের তুলনায় কিছুটা কম। ২০০৪ অর্থ বছরে খাদ্য শস্যের উৎপাদনে প্রবৃদ্ধি হয়েছে ১.৭%। বিগত অর্থ বছরে যা ছিল ২.৯%। প্রধান খাদ্য শস্য আমনের উৎপাদন ভাল হলেও প্রতিকূল আবহাওয়া বীজ ও সেচের পর্যাপ্ত সুবিধা না পাওয়ায় আউষ এবং বোরোর উৎপাদন আশানুরূপ হয়নি। দক্ষিণ পূর্ব এশিয়ায় বার্ডফ্লুর প্রভাবে বিগত অর্থ বছরে পোল্ট্রি শিল্পে ধস নামলেও আলোচ্য অর্থ বছরে এ খাতে প্রবৃদ্ধি ছিল শতকরা ৪.৫ ভাগ। মৎস্য, বনজ এবং পশু সম্পদ খাতেও এ বছর উল্লেখযোগ্য প্রবৃদ্ধি সাধিত হয়েছে।

শিল্প

আলোচ্য অর্থ বছরে মোট দেশজ উৎপাদনে শিল্পের অবদান ছিলো শতকরা ২৭.৮০ ভাগ। রপ্তানীমুখী পণ্যের উৎপাদনে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি, নির্মাণ শিল্পের প্রসার, ক্ষুদ্র ও কুটির শিল্পের বৈদেশিক চাহিদা বৃদ্ধি এবং শিল্পজাত পণ্যের অভ্যন্তরীণ বাজার সম্প্রসারণ শিল্পখাতের এই প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করেছে। ২০০৩ অর্থবছরে শিল্পখাতে প্রবৃদ্ধি ছিল শতকরা ৭.৩ ভাগ যা চলতি অর্থ বছরে ৭.৭ ভাগে এসে দাঁড়িয়েছে।

তৈরি পোষাক, বয়ন শিল্প, টেক্সটাইল, চামড়া শিল্প, তামাক, ঔষধ, সিরামিক প্রভৃতি খাতে আলোচ্য অর্থ বছরে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি সাধিত হয়েছে।

সেবা

মোট দেশজ উৎপাদনে সেবা খাতের অবদান আলোচ্য অর্থ বছরে ছিল শতকরা ৪৯.৪ ভাগ। আমদানী রপ্তানী বৃদ্ধি এবং শিল্প খাতের ব্যাপক সম্ভাবনা পাইকারী ও খুচরা কারবার, হোটেল ও রেস্তোরাঁ ব্যবসা, পরিবহন, গুদামজাতকরণ প্রতিটি খাতেই এই প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে ধনাত্মক প্রভাব বিস্তার করেছে। শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি খাতে ব্যাপক সরকারী ব্যয় সেবা খাতের প্রবৃদ্ধিতে সরাসরি অবদান রেখেছে। আর্থিক খাত বিশেষ করে বেসরকারী বাণিজ্যিক ব্যাংক সমূহের উচ্চতর মুনাফা অর্জন সেবা খাতে ২০০৩ অর্থ বছরের ৫.৪% প্রবৃদ্ধির স্থলে ২০০৪ অর্থ বছরের জন্য ৫.৭% প্রবৃদ্ধি বয়ে এনেছে।

আমদানী রপ্তানী ও রেমিট্যান্স

২০০৪ অর্থ বছরে সবচেয়ে বেশি প্রবৃদ্ধি সাধিত হয়েছে বৈদেশিক বাণিজ্যে। আমদানী রপ্তানী ও রেমিট্যান্স সবগুলো খাতেই প্রবৃদ্ধি ছিল উল্লেখ করার মতো। বিগত অর্থ বছরে দেশের রপ্তানী আয় ছিল ৬.৪৯ বিলিয়ন মার্কিন ডলার, আলোচ্য অর্থ বছরে তা দাঁড়িয়েছে ৭.৫০ বিলিয়ন মার্কিন ডলারে। প্রবৃদ্ধির হার শতকরা ১৫.৪০ ভাগ। একইভাবে আমদানী ব্যয় ২০০৩ অর্থ বছরে ছিল ৮.৭০ বিলিয়ন মার্কিন ডলার ২০০৪ সালে তা বৃদ্ধি পেয়ে ৯.৮০ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। এ ক্ষেত্রে প্রবৃদ্ধি ঘটেছে শতকরা ১২.৬০ ভাগ। এছাড়া বিগত অর্থ বছরে প্রবাসী বাংলাদেশী কর্তৃক বৈদেশিক মুদ্রা প্রেরণের পরিমাণ ছিল ৩.১ বিলিয়ন মার্কিন ডলার, ২০০৪ অর্থ বছরে তা বেড়ে ৩.৪০ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়েছে। প্রবৃদ্ধির হার শতকরা ৯.৭ ভাগ।

মুদ্রাস্ফীতি

২০০১ সালে মুদ্রাস্ফীতির হার ছিল ১.৬% (গত ২০ বছরের মধ্যে সর্বনিম্ন পর্যায়ে) ২০০২ সালে তা বেড়ে দাঁড়ায় ২.৪% এ। বিগত বছর অর্থাৎ ২০০৩ সালের ডিসেম্বর মাসে গড় মুদ্রাস্ফীতির হার ছিল ৫.৩৬ ভাগ। দ্রব্য সামগ্রীর অব্যাহত মূল্য বৃদ্ধি গড় মুদ্রাস্ফীতিকে ২০০৪ সালের ডিসেম্বর নাগাদ ৬.১% এ টেনে নিয়ে যায়। বছরের মাঝামাঝি সময়ে এই হার ছিল ৫.৮৩%।

বৈদেশিক মুদ্রার রিজার্ভ

২০০৩ সালের ডিসেম্বরের শেষে বাংলাদেশ ব্যাংকে বৈদেশিক মুদ্রার মজুদের পরিমাণ ছিল ২৬২৪.১ মিলিয়ন মার্কিন ডলার। ২০০৪ সালের শেষে এই রিজার্ভের পরিমাণ বেড়ে দাঁড়ায় ৩২২২.৬ মিলিয়ন মার্কিন ডলারে। অর্থাৎ ১ বছরে বৈদেশিক মুদ্রার রিজার্ভ বেড়েছে ৫৯৮.৫০ মিলিয়ন মার্কিন ডলার। প্রবৃদ্ধির হার শতকরা ২২.৮১ ভাগ।

বাংলাদেশের অর্থনীতি - নিকট ভবিষ্যৎ সম্ভাবনা

‘এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক ২০০৫’ এ প্রাকৃতিক দুর্যোগ, কোটা প্রথা উঠে যাওয়া, জ্বালানীর মূল্য বৃদ্ধি এবং সংঘাতময় রাজনীতি বাংলাদেশের অর্থনীতির জন্য ঝুঁকির কারণ হিসাবে উল্লেখ করলেও ২০০৫ অর্থ বছরের জন্য মোট দেশজ উৎপাদন প্রবৃদ্ধি ৫.৩ শতাংশ অর্জনের আভাস দেয়া হয়েছে। এ সময় শিল্প প্রবৃদ্ধি দাঁড়াবে ৭.৮ শতাংশ এবং রপ্তানী বাড়বে ১৫ শতাংশ। বেসরকারী ব্যাংক গুলোর সাফল্য সহ বিভিন্ন খাতে ইতিবাচক ধারার ফলে সেবা খাতে প্রবৃদ্ধিও হবে উৎসাহ ব্যঞ্জক যা ৬ শতাংশ ছাড়িয়ে যেতে পারে।

ম্যাক্রো অর্থনীতির স্থিতিশীলতা বজায় রাখা, অভ্যন্তরীণ রাজস্ব সংগ্রহ বৃদ্ধি, সুশাসন প্রতিষ্ঠা এবং অবকাঠামোগত উন্নয়ন ত্বরান্বিত করতে পারলে বাংলাদেশের অর্থনীতির নিকট ভবিষ্যৎ সম্ভাবনা অত্যন্ত আশা ব্যঞ্জক বলে ‘এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক ২০০৫’ এর রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

ব্যাংকিং সেক্টর

দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকিং খাত মূল চালিকাশক্তি। বিনিয়োগ বৃদ্ধি, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি তথা জাতীয় প্রবৃদ্ধির উচ্চ হার অর্জনে ব্যাংকিং খাতের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। ৪টি রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক, ৫টি বিশেষায়িত ব্যাংক, ৩০টি বেসরকারী ব্যাংক ও ১০টি বিদেশী ব্যাংক সহ মোট ৪৯টি ব্যাংক দেশে কর্মরত রয়েছে। প্রায় ১৩১৭৩২ কোটি টাকা আমানত, ১০৩৬৮৪ কোটি টাকা ঋণ ও অগ্রীম, ৩ কোটি আমানতকরী ও ৭৬ লক্ষ ঋণগ্রহীতার সমন্বয়ে আমাদের ব্যাংকিং খাত গঠিত। উন্নয়ন কর্মকাণ্ডে ব্যাংকিং খাতের অধিকতর এবং কার্যকর ভূমিকা পালনের নিশ্চয়তা বিধানের লক্ষ্যে সাম্প্রতিককালে ব্যাপক সংস্কার কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। এসব কর্মসূচীর মধ্যে আলোচ্য বছরে গৃহীত উল্লেখযোগ্য সংস্কার সমূহ নিম্নরূপঃ

ক) ক্ষুদ্র শিল্পের উন্নয়ন এবং প্রসার ঘটিয়ে কর্মসংস্থানের ব্যাপক সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক একশত কোটি টাকার এক বিশেষ তহবিল গঠন করেছে যা বাণিজ্যিক ব্যাংক এবং বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ক্ষুদ্র শিল্পদ্যোক্তাদের মাঝে ঋণ হিসেবে বিতরণ করা হবে।

খ) প্রিমিয়ামে আইপিও কিংবা রাইট শেয়ার ছাড়ার ক্ষেত্রে ব্যাংকের প্রসপেক্টাসে ক্রেডিট রেটিং রিপোর্ট অন্তর্ভুক্তি করণ বাধ্যতামূলক করা হয়েছে। বিনিয়োগ কারীদের নিকট ব্যাংকিং সেক্টরকে অধিকতর স্বচ্ছ এবং নিরাপদ রাখতে এই পদক্ষেপ নেয়া হয়েছে।

গ) মুনাফা হার নির্ধারণে স্বচ্ছতা এবং সহজ বোধগম্যতা আনয়নের উদ্দেশ্যে বাণিজ্যিক ব্যাংক সমূহকে এমন একটি হার নির্ধারণ করতে হবে যার একটা সর্বোচ্চ এবং সর্বনিম্ন সীমা উল্লেখ থাকবে।

ঘ) সকল প্রকার রপ্তানীর ক্ষেত্রে মুনাফা হার পূর্বের শতকরা ৮-১০ ভাগ থেকে কমিয়ে শতকরা ৭ ভাগে পুনঃ নির্ধারণ করা হয়েছে।

ঙ) গুরু কর্তৃপক্ষের নিকট পূর্ব ঘোষণা ছাড়া সর্বোচ্চ ৫০০০ মার্কিন ডলার পর্যন্ত - বৈদেশিক মুদ্রা ক্রয় করা যাবে। ইতিপূর্বে এই পরিমাণ ছিল ৩০০০ মার্কিন ডলার।

চ) এ বছরই বাংলাদেশ ব্যাংক ইসলামী ব্যাংক সমূহের জন্য মুদারাবা বন্ড বাজারে ছেড়েছে। যে কোন ব্যক্তি ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান এই বন্ড ক্রয় করতে পারবে। ইসলামী ব্যাংক সমূহের অলস তহবিলের যথাযথ ব্যবহার এবং তারল্য সংকট মোকাবেলার উদ্দেশ্যেই এই বন্ড বাজারে ছাড়া হয়েছে।

ছ) আলোচ্য বছর বাংলাদেশ ব্যাংক সেকেন্ডারী মার্কেটে ১.০০ লক্ষ টাকা মূল্যমানের ৫ বছর এবং ১০ বছর মেয়াদী দুটি গভঃ সিকিউরিটি বন্ড ইস্যু করেছে।

আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড

ইহলৌকিক ও পারলৌকিক জীবনের সর্বাঙ্গীন সফলতাই ইসলামী জীবন ব্যবস্থার মূল লক্ষ্য। মানব জীবনের প্রতিটি ক্ষেত্রে আল কুরআন এবং রাসূলে পাক (সাঃ) এর জীবনাদর্শ অবশ্যই অনুকরণীয় এবং অনুসরণীয়। এ লক্ষ্যকে সামনে রেখে কুরআন ও সুন্নাহর ভিত্তিতে বাংলাদেশে ইসলামী ব্যাংকিং ব্যবস্থা প্রতিষ্ঠার দৃঢ় প্রত্যয় নিয়ে ১৯৯৫ সালের ১৪ই জুন আল আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ একটি পাবলিক লিমিটেড কোম্পানী রূপে নিবন্ধিত হয়। পরবর্তীতে একই বছর ২৭শে সেপ্টেম্বর এই ব্যাংকের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। ব্যাংকের অনুমোদিত মূলধন ১০০০.০০ মিলিয়ন টাকা এবং ২০০৪ সাল পর্যন্ত পরিশোধিত মূলধন ৫৮৬.৯৬ মিলিয়ন টাকায় উন্নীত হয়। দেশের কতিপয় স্বনামধন্য ধর্মপ্রাণ ব্যবসায়ী এবং ইসলামী ব্যক্তিত্ব এই ব্যাংকের উদ্যোক্তা ও পরিচালক। পরিশোধিত মূলধনের পুরোটাই স্থানীয় মালিকানায় অর্থাৎ ১০০% মালিকানা দেশীয় শেয়ারহোল্ডারগণের।

ব্যাংক তার গতিশীল কর্মকাণ্ডের মাধ্যমে দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখতে দৃঢ় প্রতিজ্ঞ। এ পর্যন্ত সারাদেশে ৪০টি শাখা স্থাপনের মাধ্যমে ব্যাংক দেশের আপামর জন সাধারণের আর্থ সামাজিক উন্নতির ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখতে সক্ষম হয়েছে।

৩১ ডিসেম্বর ২০০৪ তারিখে ব্যাংকের মোট ইকুইটির পরিমাণ ছিল ১০৪.২৭ কোটি টাকা। একই তারিখে ব্যাংকে মোট জনশক্তি ছিল ৮০৩ জন এবং শেয়ার হোল্ডারগণের সংখ্যা ছিল মোট ৫৩৭৯ জন।



ব্যাংকের অর্থায়নে পরিচালিত একটি রপ্তানীমুখী পোষাকশিল্প প্রতিষ্ঠান

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ-এর অনন্য বৈশিষ্ট্য

- ☆ ব্যাংকের সকল কার্যক্রম থেকে সুদের লেনদেন নিষিদ্ধ করে কুরআন ও সুন্নাহর আলোকে ব্যবসা পরিচালনা করা।
- ☆ ইসলামী শরীয়াহ অনুমোদিত বিভিন্ন পদ্ধতি বা (MODE) এর মাধ্যমে ব্যাংকের বিনিয়োগ কার্যক্রম পরিচালিত করা।
- ☆ কল্যানমুখী ব্যাংকিং ব্যবস্থার প্রবর্তনের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ও বেকার যুবকদের কর্ম সংস্থানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা।
- ☆ সমাজ তথা সামগ্রিকভাবে দেশের প্রয়োজনে ব্যাংক বিভিন্ন হালাল ব্যবসায় অর্থায়ন করে, কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক কর্মকাণ্ডে অংশগ্রহণ করে এবং সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে অবকাঠামোগত উন্নয়নে অবদান রাখছে।
- ☆ সামাজিক সুবিচার এবং সম্পদের সুযম বন্টনের মাধ্যমে ব্যাংক একটি কল্যাণমুখী অর্থনৈতিক ব্যবস্থা প্রবর্তনে অঙ্গীকারাবদ্ধ। ক্ষুদ্র ঋণ কার্যক্রমের মাধ্যমে অনুন্নত গ্রামীণ এলাকার আর্থ সামাজিক উন্নয়নেও ব্যাংক প্রতিশ্রুতিবদ্ধ।
- ☆ আমানতকারীগণ ব্যাংকের বিনিয়োগকৃত আয়ের অংশীদার। তাই বিনিয়োগ থেকে প্রাপ্ত মুনাফার শতকরা ৭০ ভাগ ব্যাংকের সকল মুদারাবা জমাকারীদের মধ্যে বন্টন করা।
- ☆ ব্যাংকের সকল কর্মচারী ও কর্মকর্তার মধ্যে ইসলামী মূল্যবোধ সৃষ্টির মাধ্যমে গ্রাহকদের জন্য উন্নত সেবা নিশ্চিত করা।
- ☆ অর্থনৈতিক কর্মকাণ্ডের পাশাপাশি জনকল্যাণকর কর্মকাণ্ডে অংশ গ্রহণ আল-আরাফাহ্ ইংলিশ মিডিয়াম মাদ্রাসা ও গন গ্রন্থাগার পরিচালনা এ সকল কার্যক্রমের মধ্যে অন্যতম।

শরীয়াহ কাউন্সিলের কার্যক্রম-২০০৪

আলহামদুলিল্লাহ। ব্যাংকের যাবতীয় কার্যক্রম ইসলামী শরীয়াহ মোতাবেক তথা কুরআন সুন্নাহ ইজমা ও ইজতেহাদের ভিত্তিতে পরিচালিত হচ্ছে কিনা তা সুনিশ্চিত করার জন্য বাংলাদেশ ব্যাংকের দিকনির্দেশনা অনুযায়ী ফিকহুল মুয়ামিলাত (ইসলামী বাণিজ্যিক আইন) বিষয়ে বিশেষজ্ঞ ৭জন সদস্য নিয়ে শরীয়াহ কাউন্সিল গঠিত। আল্লাহ সুবহানাহ্ ওয়া তায়ালা অশেষ মেহেরবানীতে ব্যাংকের যাবতীয় কার্যক্রম শরীয়াহ সম্মতভাবে পরিচালনার লক্ষ্যে শরীয়াহ কাউন্সিল আলোচ্য বছরে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হয়েছে। শরীয়াহ কাউন্সিলের সম্মানিত সদস্যগণ ২০০৪ সালে ১২টি সভায় মিলিত হয়ে বোর্ড ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত বিষয়গুলোসহ ব্যাংকের বিভিন্ন কার্যাবলী পর্যালোচনাপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে শরীয়াহ সংশ্লিষ্ট প্রয়োজনীয় পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করেছেন। সভাসমূহে শরীয়াহ পরিপালন ও গ্রাহক সেবার মান বৃদ্ধি করণে সর্বাত্মক প্রচেষ্টা চালাতে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হয়।

ব্যাংকের শাখাসমূহে দৈনন্দিন কার্যক্রম শরীয়াহ নীতিমালা অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা পর্যবেক্ষন ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে কাউন্সিলের মুরাক্বিবগণ আলোচ্য বছরে ব্যাংকের ৪০টি শাখার মধ্যে সবকটি শাখা পরিদর্শন করে কাউন্সিলে বিস্তারিত রিপোর্ট পেশ করেন। এছাড়াও ব্যাংকিং কার্যক্রমে শরীয়াহ নীতিমালা যথাযথভাবে বাস্তবায়নে তারা শাখা সমূহ পরিদর্শন করে শরীয়াহ সংশ্লিষ্ট যে ক্রটি বিচ্যুতি চিহ্নিত করেন তা সংশোধনের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট শাখাসমূহকেও পরামর্শ প্রদান করা হয়েছে।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক শরীয়াহ কাউন্সিল সচিবালয়ে কুরআন, হাদীস, ফিকহ, ইসলামী অর্থনীতি ও ইসলামী ব্যাংকিং বিষয়ে প্রায় অর্ধ সহস্র মৌলিক ও প্রামাণ্য গ্রন্থের একটি সমৃদ্ধ লাইব্রেরী রয়েছে। শরীয়াহ কাউন্সিলের সম্মানিত সদস্য ও মুরাক্বিবগণ এসব বই থেকে তথ্য ও উপাত্ত সংগ্রহ করে শরীয়াহ নীতিমালার ভিত্তিতে ব্যাংক পরিচালনায় দিক নির্দেশনা দিয়ে থাকেন।

আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ 'সেন্ট্রাল শরীয়াহ বোর্ড ফর ইসলামিক ব্যাংক অব বাংলাদেশ' এর সদস্য ব্যাংক এবং এ ব্যাংকের শরীয়াহ কাউন্সিলের চেয়ারম্যান ও সদস্য সচিব পদাধিকার বলে উক্ত সংস্থার সদস্য। তাঁরা যথাক্রমে সেন্ট্রাল শরীয়াহ বোর্ডের ভাইস চেয়ারম্যান ও সেক্রেটারী জেনারেলের দায়িত্বপ্রাপ্ত হয়ে আল-আরাফাহ ইসলামী ব্যাংকের সম্মান ও গৌরবজনক প্রতিনিধিত্ব করে আসছেন। বাংলাদেশের ইসলামী ব্যাংক সমূহের মধ্যে ভ্রাতৃত্ব ও সৌহার্দপূর্ণ সম্পর্ক স্থাপন, পারস্পরিক সহযোগিতা বৃদ্ধিকরণ এবং শরীয়াহ সংক্রান্ত মান উন্নয়নে আল-আরাফাহ ইসলামী ব্যাংকের শরীয়াহ কাউন্সিল সেন্ট্রাল শরীয়াহ বোর্ডের মাধ্যমে সক্রিয় ভূমিকা পালন করছেন।

পুঁজি বাজারে অবস্থান

১৯৯৮ সালে ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হওয়ার পর পুঁজি বাজারে ব্যাংকের শেয়ার বরাবরই শক্ত অবস্থানে ছিলো। ২০০৪ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জে অত্র ব্যাংকের ১০০০ টাকা অবহিত মূল্যের শেয়ার সর্বোচ্চ ৩৫৭৮ টাকায় কেনা বেচা হয়েছে। ২০০৪ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত প্রতিমাসের শেষ কর্ম দিবসে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এ ব্যাংকের শেয়ারের বাজার মূল্যের একটি পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হলো :

মাস	উদ্বোধনী দর	সর্বোচ্চ	সর্বনিম্ন	সর্বশেষ	মাসের সর্বোচ্চ	মাসের সর্বনিম্ন
জানুয়ারী	১,৬৬৩.৫০	১,৬৬৭.০০	১,৬৬৩.০০	১,৬৬৪.৫০	১,৬৬৯.৫০	১,৫৯৫.০০
ফেব্রুয়ারী	১,৬৮৫.০০	১,৬৮৭.৫০	১,৬৮০.০০	১,৬৮২.০০	১,৬৯৫.০০	১,৬৫৫.০০
মার্চ	১,৭০০.০০	১,৭০০.০০	১,৬৭০.০০	১,৬৭০.৫০	১,৭৬৯.৭৫	১,৬৭০.০০
এপ্রিল	১,৭৩১.২৫	১,৭৩১.২৫	১,৭৩১.২৫	১,৭৩১.২৫	১,৮৫৪.৫০	১,৬৭০.০০
মে	১,৮৮০.০০	১,৯০০.০০	১,৮৮০.০০	১,৮৯৪.৭৫	১,৯০০.০০	১,৬৩১.৫০
জুন	১,৮৬৮.০০	১,৮৯৮.০০	১,৮৬৮.০০	১,৮৮৮.০০	১,৯১৫.০০	১,৭৭৯.০০
জুলাই	১,৯৬৯.০০	১,৯৭০.০০	১,৯৫০.০০	১,৯৫৭.২৫	১,৯৭০.০০	১,৮৫০.০০
আগস্ট	২,৩৫৫.০০	২,৩৭০.০০	২,৩৪০.০০	২,৩৬৫.৭৫	২,৩৯৪.৫০	১,৯৬০.০০
সেপ্টেম্বর	২,৫২০.০০	২,৫২০.০০	২,৫০৫.০০	২,৫১০.৫০	২,৬০০.০০	২,৩১৫.০০
অক্টোবর	২,৭৯৫.০০	২,৮০৫.০০	২,৭২৬.০০	২,৭৭৪.০০	৩,০২৫.০০	২,৫০০.০০
নভেম্বর	৩,৪৬০.০০	৩,৪৬০.০০	৩,৩৪১.০০	৩,৪৩১.২৫	৩,৫৭৮.০০	২,৮০০.০০
ডিসেম্বর	৩,২৩৩.৭৫	৩,২৪০.০০	৩,২১০.০০	৩,২২৯.২৫	৩,৪১০.০০	৩,৩০০.০০

শেয়ার লেনদেন কার্যক্রম সিডিএস এর অন্তর্ভুক্তিকরণ

সিডিএস বা সেন্ট্রাল ডিপোজিটরি সিস্টেমের আওতায় কোম্পানির শেয়ার স্টক এক্সচেঞ্জগুলোতে লেনদেন হওয়ার পর শেয়ার হস্তান্তর প্রক্রিয়া সার্টিফিকেটের পরিবর্তে ইলেকট্রনিক বুক এন্ট্রির মাধ্যমে সম্পন্ন হয়। ফলে দ্রুত শেয়ার ট্রান্সফার, সেটেলমেন্ট এবং ডেলিভারি নিশ্চিত হয়। স্বল্প সময়ের মধ্যে ক্যাশ ডিভিডেন্ট বা বোনাস শেয়ার ইস্যু সম্ভব হয় এবং জাল জালিয়াতি, হারানো, ডুপ্লিকেট ইস্যু, রি-ইস্যু, ক্ষয়ক্ষতি প্রভৃতির হাত থেকে শেয়ার সার্টিফিকেট রক্ষা করা সম্ভব হয়। ২০০৩ সালের জুলাই মাসে ব্যাংক ১০ লক্ষ টাকা মূল্যমানের দুটি উদ্যোক্তা শেয়ার ক্রয় করে সিডিবিএল এর স্পন্সরশীপ গ্রহণ করেছে।

অগ্রগতি পর্যালোচনা

বছর শেষে ব্যাংকে আমানতকারীর সংখ্যা দাঁড়িয়েছে ১৭১৭৬৬ জনে। ৩১ ডিসেম্বর ২০০৪ তারিখ পর্যন্ত তাদের নিকট থেকে আমানত সংগ্রহ করা হয়েছে মোট ১০১০৮.২৮ মিলিয়ন টাকা। মোট ৯৭০৭ জন বিনিয়োগ গ্রহীতার নিকট একই সময়ে বিনিয়োগ করা হয়েছে ৮১৫০.১৬ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে ব্যাংকের মোট আয় হয়েছে ১১২০.৮৫ মিলিয়ন টাকা এবং ব্যয় হয়েছে ৭৭১.৯৬ মিলিয়ন টাকা। বছর শেষে সঞ্চিতি ও করপূর্ব মুনাফার পরিমাণ দাঁড়িয়েছে ৩৪৮.৮৯ মিলিয়ন টাকায়। এই মুনাফা বিগত বছরের ৩০৬.৩৪ মিলিয়ন টাকার তুলনায় শতকরা ১৩.৮৯ ভাগ বেশি।

মূলধন

ব্যাংক কোম্পানী আইন ২০০৩ সংশোধন পূর্বক ব্যাংকের মূলধন চলতি বছর মার্চ মাসের মধ্যে ১০০ কোটি টাকায় উন্নীত করার বিধান করা হয়েছে। সে প্রেক্ষিতে ব্যাংকের মূলধনের পরিমাণ ২০০২ সালে ৪১.৫৮ কোটি টাকা থেকে বৃদ্ধি করে ২০০৩ সালের শেষ নাগাদ ৮৫.৫৬ কোটি টাকায় উন্নীত করা হয়। ২০০৪ সালের শেষ নাগাদ ব্যাংকের মোট মূলধনের পরিমাণ দাঁড়ায় ১০৪.২৭ কোটি টাকায়। ২০০৩ সালে ব্যাংক ১টি বর্তমান শেয়ারের বিপরীতে একটি রাইট ইস্যু করে এবং ২০০৩ সালের মুনাফা থেকে শেয়ার হোল্ডারদের জন্য লভ্যাংশ হিসেবে ১৬% হারে বোনাস শেয়ার ইস্যু করে। ফলে ব্যাংকের পরিশোধিত মূলধন ২০০৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে ৫৮ কোটি ৭০ লক্ষ টাকায় উন্নীত হয়।

সঞ্চিতি তহবিল

২০০৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যাংকের সঞ্চিতি তহবিলে মোট স্থিতির পরিমাণ ছিল ২৬.৮৮ কোটি টাকা। আলোচ্য বছর একই সময়ে ব্যাংকের সঞ্চিতি তহবিলে স্থিতির পরিমাণ দাঁড়িয়েছে ৪৮.৮০ কোটি টাকা। এক্ষেত্রে প্রবৃদ্ধি হয়েছে শতকরা ৮১.৫৫ ভাগ।


মূলধন পর্যাণ্ডতা

২০০২ সালের সেপ্টেম্বর মাসে বাংলাদেশ ব্যাংক ঝুঁকি ভিত্তিক সম্পদের বিপরীতে মূলধন সংরক্ষনের অনুপাত ৮.০০% এর স্থলে ৯.০০% এ নির্ধারণ করেছে। ২০০২ সালে ব্যাংকের মোট ইকুইটির পরিমাণ ছিল ৪১.৫৭ কোটি টাকা এবং ২০০৩ সালে ছিল ৮৫.৫৭ কোটি টাকা। আলোচ্য বছর তা দাঁড়িয়েছে ১০৪.২৭ কোটি টাকায়। ৩১ ডিসেম্বর ২০০৩ তারিখে ব্যাংকের মূলধন পর্যাণ্ডতা অনুপাত ছিল ১৩.৮৩% যা চলতি বছরে ১৪.৫৬% এ দাঁড়িয়েছে।

আমানত

৩১ ডিসেম্বর ২০০৪ তারিখে ব্যাংকের মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ১০১০.৮৩ কোটি টাকায় এর মধ্যে ব্যাংক আমানত ১৪.৮৯ কোটি টাকা এবং সাধারণ আমানত ৯৯৫.৯৪ কোটি টাকা। বিগত বছর একই সময়ে ব্যাংকের মোট আমানতের পরিমাণ ছিল ৮৬৪.৩৩ কোটি টাকা। এক্ষেত্রে প্রবৃদ্ধির হার শতকরা ১৬.৯৫ ভাগ। ২০০৪ সালে ব্যাংকিং সেক্টরে মোট ডিপোজিটের পরিমাণ ছিল ১৩১৭৩২.৩০ কোটি টাকা।

আমানত




বিগত বছর অর্থাৎ ২০০৩ সালে এই ডিপোজিটের পরিমাণ ছিল ১১২৭৯২.৮০ কোটি টাকা। এক্ষেত্রে ব্যাংকিং সেক্টরে প্রবৃদ্ধি হয়েছে শতকরা ১৬.৭৯ ভাগ।

বিনিয়োগ

২০০৪ বছর সমাপনীতে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ৮১৫.০০ কোটি টাকায়। বিগত বছর অর্থাৎ ২০০৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে এই পরিমাণ ছিল ৭৫৭.১৫ কোটি টাকা। এক বছরে বিনিয়োগ বৃদ্ধি পেয়েছে ৫৭.৮৬ কোটি টাকা। যা শতকরা হিসেবে ৭.৬৪%।

বিনিয়োগ



গ্রামীণ এবং ক্ষুদ্র বিনিয়োগ প্রকল্প

আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ এ গ্রামীণ ও ক্ষুদ্র বিনিয়োগ প্রকল্প শীর্ষক একটি বিনিয়োগ প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্পের মূল উদ্দেশ্য গ্রামীণ ও পল্লী অঞ্চলে শরীয়াহ ভিত্তিক ব্যাংকিং ব্যবস্থা চালু, স্বল্প বিত্তদের আর্থিক সহায়তার মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি, সঞ্চয়ী মনোভাব গড়ে তোলা, পল্লীর স্বল্প বিত্ত জনগোষ্ঠীর জীবন যাত্রার মান উন্নয়ন, দারিদ্রতা দূরীকরণের মাধ্যমে ইসলামী জীবনমুখী হওয়ার সুযোগ সৃষ্টি এবং একই সাথে পেশাজীবী পুরুষ/মহিলাদের ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্পে বিনিয়োগ করে তাদেরকে আর্থিকভাবে প্রতিষ্ঠিত করা। প্রাথমিকভাবে আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ এর গল্লাই ও রূপশপুর শাখায় এ প্রকল্প চালু করা হয়েছে। পর্যায়ক্রমে অন্যান্য গ্রামীণ শাখাগুলিতে এই কর্মসূচী সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে।

গ্রামীণ ও ক্ষুদ্র বিনিয়োগ প্রকল্প এর আওতায় এ পর্যন্ত নিম্নোক্ত খাতে বিনিয়োগ প্রদান করা হয়েছে।

১. মৎস্য চাষ	৮. মিষ্টি তৈরি	১৫. লেবুর চাষ
২. হাঁস-মুরগী পালন	৯. মনোহরী ব্যবসা	১৬. মাটির হাঁড়িপাতিল ও তৈজসপত্র তৈরি
৩. গাভী পালন	১০. তরিতরকারীর ব্যবসা	১৭. রিব্বা ক্রয়
৪. ছাগল পালন	১১. পানের চাষ	১৮. ক্ষুদ্র ব্যবসা যেমন- ধান, চাল, মুদী, ঔষধের দোকান, কাপড়ের দোকান, জুতার ব্যবসা, লাইব্রেরী ব্যবসা।
৫. গরু মোটাতাজাকরণ	১২. টেইলারিং ব্যবসা	
৬. পোল্ট্রি ফার্ম	১৩. বাঁশ ও বেতের কাজ	
৭. মুড়ী তৈরি	১৪. আনারস চাষ	


ক্রমিক নং	বিবরণ	পুরুষ	মহিলা	মোট
১	সমিতি সংখ্যা	১৭টি	৬টি	২৩টি
২	প্রজেক্ট সংখ্যা	৬৪টি	১৮টি	৮২টি
৩	সদস্য সংখ্যা	২৮৯জন	৮৭জন	৩৭৬ জন
৪	সদস্যদের সঞ্চয়	--	--	৫.৫০ লক্ষ
৫	বিনিয়োগের পরিমাণ	--	--	৯২.০০ লক্ষ
৬	আদায়ের হার	১০০%	১০০%	১০০%



রূপশপুর মহিলা সমিতি-৩ এর নিকট ক্ষুদ্র বিনিয়োগ প্রকল্পের আওতায় গাভী হস্তান্তর

বৈদেশিক বাণিজ্য

২০০৩ সালের শেষে মোট বৈদেশিক বাণিজ্যের (আমদানী, রপ্তানী ও রেমিট্যান্স) পরিমাণ ছিল ১১০৭৫.৮১ মিলিয়ন টাকা ২০০৪ সালের শেষে তা দাঁড়িয়েছে ১৩২৬৮.৮৩ মিলিয়ন টাকায়। প্রবৃদ্ধির হার ১৯.৮০%। ২০০৩ সালে ব্যাংকের রপ্তানী আয়ের মোট পরিমাণ ছিল ৩০৭৫.৫২ মিলিয়ন টাকা। ২০০৪ সালে তা দাঁড়িয়েছে ৩৬৩৯.৩৪ মিলিয়ন টাকায়। প্রবৃদ্ধির হার শতকরা ১৮.৩৩ ভাগ। যেখানে জাতীয় পর্যায়ে প্রবৃদ্ধি ঘটেছে শতকরা ১৪.৯৪ ভাগ। একইভাবে আমদানীর পরিমাণ ছিল ৭৬৯৮.২৯ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে তা ৯৩৩৭.৪৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রবৃদ্ধি ঘটেছে শতকরা ২১.২৯ ভাগ। বিগত বছর অত্র ব্যাংকের মাধ্যমে বৈদেশিক রেমিট্যান্সের পরিমাণ ছিল ৩০২ মিলিয়ন টাকা, আলোচ্য বছর ফরেন রেমিট্যান্সের পরিমাণ দাঁড়িয়েছে ২৯২ মিলিয়ন টাকায়।



আয়

বিনিয়োগ আয়

২০০৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যাংকের মোট বিনিয়োগের পরিমাণ ছিল ৮১৫ কোটি টাকা। বিনিয়োগকৃত এই অর্থ হতে মোট আয় হয়েছে ৮৮.৯৫ কোটি টাকা। যা মোট আয়ের শতকরা ৭৯.৩৬ ভাগ। ২০০৩ সালের একই সময়ে এই আয় ছিল ৭৯.৩৩ কোটি টাকা। এক্ষেত্রে প্রবৃদ্ধি হয়েছে শতকরা ১২.১৩ ভাগ।

বিনিয়োগ বহির্ভূত কার্যক্রম থেকে আয়

আলোচ্য বছরে বিনিয়োগ বহির্ভূত কার্যক্রম যেমন কমিশন আয়, এক্সচেঞ্জ আয়, লকার ভাড়া প্রভৃতি বাবদ আয় হয়েছে ২৩.১৪ কোটি টাকা যা মোট আয়ের শতকরা ২০.৬৪ ভাগ। বিগত বছর একই সময়ে এসব খাত থেকে আয় হয়েছে ১৯.৪৪ কোটি টাকা। এক্ষেত্রে প্রবৃদ্ধি হয়েছে ৪.৮৮%।

ব্যয়

আমানতকারীগণকে প্রদত্ত মুনাফা

২০০৪ সালে ব্যাংক আমানতকারীগণকে বিনিয়োগ আয়ের ৭০% অর্থাৎ মোট ৫০.৬৯ কোটি টাকা মুনাফা বাবদ প্রদান করেছে যা মোট ব্যয়ের শতকরা ৬৫.৬৬ ভাগ। বিগত বছর অর্থাৎ ২০০৩ সালে এর পরিমাণ ছিল ৪৬.৩৫ কোটি টাকা। এক্ষেত্রে আমানতকারীগণকে মুনাফা প্রদান বাবদ ব্যয় বৃদ্ধি পেয়েছে ৪.৩৪ কোটি টাকা। যা শতকরা হিসাবে ৯.৩৭ ভাগ।


প্রশাসনিক ও অন্যান্য ব্যয়

২০০৩ সালের তুলনায় ২০০৪ সালে প্রশাসনিক ও অন্যান্য ব্যয় ২১.৬৬ ভাগ বৃদ্ধি পেয়েছে। বিগত বছর ৩১ ডিসেম্বর তারিখে প্রশাসনিক ও অন্যান্য ব্যয়ের পরিমাণ ছিল ২১.৭৯ কোটি টাকা। আলোচ্য বছর একই সময়ে এই পরিমাণ দাঁড়িয়েছে ২৬.৫১ কোটি টাকায়। এটা মোট ব্যয়ের শতকরা ৩৪.৩৪ ভাগ।

পরিচালন মুনাফা

আলোচ্য অর্থ বছরের ব্যাংক ৩৪ কোটি ৮৯ লক্ষ টাকা পরিচালন মুনাফা করেছে। ২০০৩ সালে এর পরিমাণ ছিল ৩০ কোটি ৬৩ লক্ষ টাকা। প্রবৃদ্ধির হার শতকরা ১৩.৯১ ভাগ।

পরিচালন মুনাফা



লভ্যাংশ

১৯৯৮ সালে পাবলিক ইস্যুতে যাওয়ার পর থেকে প্রতি বছরই ব্যাংক তার শেয়ার হোল্ডারদের নিয়মিত লভ্যাংশ প্রদান করে আসছে। লভ্যাংশ প্রদানের এই হার ১৯৯৮ সালে ছিল ১৫%, ১৯৯৯ সালে ১২%, ২০০০ সালে ১২%, ২০০১ সালে ৭.৫% এবং ২০০২ সালে ছিল ২০%। ২০০৩ সালে ব্যাংক প্রথম বারের মতো তার শেয়ারহোল্ডারদের জন্য ১৬% হারে বোনাস লভ্যাংশ প্রদান করে। চলতি বছরেও ব্যাংক তার শেয়ারহোল্ডারদের জন্য ১৫.৫% হারে বোনাস লভ্যাংশ প্রদানের ঘোষণা দিয়েছে।

জমার উপর বন্ডিত মুনাফা

২০০০ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত আমানতকারীগণের জমার উপর নিম্ন লিখিত হারে মুনাফা প্রদান করা হয়েছে

ক্র:নং	জমার ধরণ	মুনাফার হার				
		২০০০	২০০১	২০০২	২০০৩	২০০৮
১	মুদারাবা সঞ্চয়ী জমা	৭.৮২%	৭.৩১%	৭.৩৩%	৬.৩১%	৫.৭৭%
২	৩ মাস মেয়াদী মুদারাবা জমা	৯.১৮%	৮.৫৭%	৮.৬০%	৭.৫৭%	৭.০৩%
৩	৬ মাস মেয়াদী মুদারাবা জমা	৯.৬০%	৮.৯৬%	৮.৯৯%	৭.৯৬%	৭.৫২%
৪	১২ মাস মেয়াদী মুদারাবা জমা	১০.০১%	৯.৩৫%	৯.৩৮%	৮.৩৫%	৭.৭৮%
৫	২৪ মাস মেয়াদী মুদারাবা জমা	১০.২২%	৯.৫৫%	৯.৫৮%	৮.৫৫%	৮.০২%
৬	৩৬ মাস মেয়াদী মুদারাবা জমা	১০.৪৩%	৯.৭৪%	৯.৭৭%	৮.৭৪%	৮.২৮%
৭	মুদারাবা শর্ট নোটিশ জমা	৩.৭৪%	৩.৪১%	৪.০১%	৪.০০%	৪.০৪%
৮	মাসিক কিস্তিভিত্তিক হজ্জ জমা	১১.০৬%	১০.৩৩%	১০.৩৬%	৯.৩৩%	৯.০৫%
৯	মাসিক কিস্তিভিত্তিক মেয়াদী জমা	১০.৯৫%	১০.২৩%	১০.২৬%	৯.২৩%	৯.০৫%
১০	এককালীন হজ্জ জমা	১১.৪৭%	১০.৭২%	১০.৭৫%	৯.৭২%	৯.৫৫%
১১	মাসিক সঞ্চয়ী বিনিয়োগ জমা	১০.২২%	৯.৫৫%	৯.৫৮%	৮.৫৫%	৮.২৮%
১২	মাসিক মুনাফা প্রদান ভিত্তিক মেয়াদী জমা	১১.৬৩%	১১.৬৩%	১১.৬৩%	১০.৬৩%	১০.০০%
১৩	সঞ্চয়ী বন্ড	১০.৯৫%	১০.২৩%	১০.২৬%	৯.২৩%	৯.০৫%
১৪	এমএসআইএস	-	-	-	৮.৫৫%	৮.৩৫%

পরিচালক পর্ষদ ও পর্ষদীয় কমিটির সভা

২০০৮ সালে ব্যাংকের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে পরিচালক পর্ষদের ১৩টি নিয়মিত সভা অনুষ্ঠিত হয়েছে, এছাড়া পর্ষদের নির্বাহী কমিটি ১৫টি ও পর্ষদীয় অডিট কমিটি ১১টি সভায় মিলিত হয়েছে।

নিরীক্ষা ও পরিদর্শন

ব্যবস্থাপনা পরিচালকের সরাসরি তত্ত্বাবধানে একজন সিনিয়র ভাইস প্রেসিডেন্টসহ নিরীক্ষা ও পরিদর্শন বিভাগে কর্মরত জনশক্তির মোট সংখ্যা ১২ জন। আলোচ্য বছর ব্যাংকের ৪০টি শাখাতেই নিরীক্ষা ও পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক ২০০৮ সালে প্রধান কার্যালয়সহ ১৭টি শাখা পরিদর্শন করেছে।



১৯তম শাখা ব্যবস্থাপক সম্মেলনে
ব্যাংকের চেয়ারম্যান
জনাব আব্দুল মালেক মোল্লা



মানব সম্পদ

ব্যাংকের সম্প্রসারিত অবস্থার সাথে সমন্বয় সাধনের জন্য অভিজ্ঞতাসম্পন্ন নতুন লোকবল নিয়োগ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক ও উপ-ব্যবস্থাপনা পরিচালকসহ ৩১ ডিসেম্বর ২০০৪ তারিখে ব্যাংকে নিয়োজিত মোট লোকবল ৮০৩ জনে উপনীত হয়েছে। পূর্ববর্তী বছর শেষে এই সংখ্যা ছিল ৬৮৫ জন।

৩১ ডিসেম্বর ২০০৪ তারিখে স্তরভেদে ব্যাংকের লোকবলের অবস্থা নিম্নরূপ ছিলঃ

পদবী	সংখ্যা
ব্যবস্থাপনা পরিচালক	০১
উপ-ব্যবস্থাপনা পরিচালক	০২
এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট	০২
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট	০৯
ভাইস প্রেসিডেন্ট	১২
এসিস্টেন্ট ভাইস প্রেসিডেন্ট	২৩
সিনিয়র প্রিন্সিপাল অফিসার	১৮
প্রিন্সিপাল অফিসার	৫০
সিনিয়র অফিসার	৬৯
অফিসার	৭১
প্রবেশনারী অফিসার	৭৬
জুনিয়র অফিসার	২০১
এসিস্টেন্ট অফিসার	১৯০
এম সি জি	৭৪
টি বয়	৪
ক্লিনার	১
মোট	৮০৩

প্রশিক্ষণ ও প্রেষণা

যে কোন প্রতিষ্ঠানের জন্যে তার জনশক্তির যোগ্যতার বিকাশ, দৃষ্টি ভঙ্গির পরিবর্তন, পেশাগত দক্ষতা ও মান উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ ও প্রেষণা অত্যন্ত জরুরী। একটি বাণিজ্যিক ব্যাংকের জন্যে প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ জনশক্তি অপরিহার্য যা তার মৌলিক শক্তিরূপে কাজ করে। সনাতন সমাজ কাঠামোতে ইসলামী ব্যাংক পরিচালনার জন্যে প্রশিক্ষণপ্রাপ্ত ও উচ্চমানের অনুপ্রানিত জনশক্তি অধিকতর প্রয়োজনীয়। আলহামদুলিল্লাহ, এ উদ্দেশ্যে আল-আরাফাহ ইসলামী ব্যাংক ট্রেনিং এন্ড রিসার্চ একাডেমী ব্যাংকিং এর বিভিন্ন বাস্তব দিক এবং নৈতিক মান উন্নয়ন ও পুনর্গঠনের উপর গুরু থেকেই প্রশিক্ষণ ও প্রেষণা কর্মসূচী বাস্তবায়ন করে যাচ্ছে। ২০০৪ ইং সালে ১৫টি প্রশিক্ষণ কোর্সে ৯২ কর্মদিবসে আমাদের ব্যাংকের ৫৫৪ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দিতে



পারায় মহান আল্লাহ পাকের শুকরিয়া আদায় করছি। এ সকল প্রশিক্ষণ কোর্সে ব্যাংকের নিজস্ব বজাগন ছাড়াও বাংলাদেশ ব্যাংক এবং বিআইবিএম সহ অন্যান্য সরকারী/বেসরকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের গুরুত্বপূর্ণ অতিথি বজাগণ প্রশিক্ষণ সেশন পরিচালনা করেছেন। বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম) এর সাধারণ সদস্য হিসাবে বিআইবিএম হতে ২০০৪ ইং সালে আমাদের ব্যাংকের প্রায় ১২১ জন কর্মকর্তা/নির্বাহী বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ লাভ করেন। তাছাড়া উক্ত বছরে বাংলাদেশ ব্যাংক প্রশিক্ষণ একাডেমীসহ বিভিন্ন প্রশিক্ষণ একাডেমী হতে আরো প্রায় ৫২ জন কর্মকর্তা/নির্বাহী বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হন। উপরন্তু ব্যাংকের সকল শাখা ও প্রধান কার্যালয়ে নিয়মিত দারসে কুরআন ও দারসে হাদিসের মাধ্যমে ব্যাংকের সকল জনশক্তি, গ্রাহক ও শুভাকাঙ্ক্ষীগনকে বিভিন্ন বিষয়ের উপর মৌলিক জ্ঞান প্রদানের ব্যবস্থা চালু আছে। প্রশিক্ষণ ও প্রেষণা কার্যক্রমের ফলে কর্মচারী, কর্মকর্তা ও নির্বাহীদের মধ্যে টিম স্পীরিট ও দক্ষতা বৃদ্ধি পাচ্ছে; শৃংখলা ও নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হওয়ার মনমানসিকতাও দৃঢ় হচ্ছে। আগামী বছরগুলোতে প্রশিক্ষণ একাডেমীর সার্বিক কার্যক্রম ব্যাপকভাবে বৃদ্ধি পাবে ইনশাআল্লাহ। সকল পর্যায়ের কর্মচারী, কর্মকর্তা ও নির্বাহীগণের পেশাগত দক্ষতার কাঙ্ক্ষিত মানোন্নয়ন এবং ব্যাংকের সার্বিক কল্যাণ ও অগ্রগতির জন্য সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা ও দোয়া কামনা করছি।

কর্মচারী কল্যাণ প্রকল্প

মুনাফা অর্জনের পাশাপাশি কর্মচারী/কর্মকর্তাদের অর্থনৈতিক নিরাপত্তা ও কল্যাণের প্রতিও ব্যাংকের সজাগ দৃষ্টি রয়েছে। এ মহৎ লক্ষ্যকে সামনে রেখে ব্যাংক কর্মচারী কর্মকর্তাদের জন্য একটি কম্পিউটারি প্রভিডেন্ট ফান্ড, একটি সোশ্যাল সিকিউরিটি এন্ড বেনাভোলেন্ট ফান্ড এবং গ্রাচুইটি ফান্ড পরিচালনা করে আসছে। সোশ্যাল সিকিউরিটি এন্ড বেনাভোলেন্ট ফান্ড থেকে এ পর্যন্ত ব্যাংক পরলোকগত ব্যাংকের কর্মকর্তা/নির্বাহীর পরিবারকে মোট ৩০.০০ লক্ষ টাকা প্রদান করেছে।

ওয়েবসাইট

দেশে বিদেশে অবস্থানরত আমানতকারী, শেয়ারহোল্ডার, বিনিয়োগ গ্রহীতা তথা শুভানুধ্যায়ীদের নিকট ব্যাংকের সার্বিক চিত্র অধিকতর স্বচ্ছভাবে উপস্থাপনের লক্ষ্যে এবং একবিংশ শতকের তথ্যপ্রযুক্তিগত উন্নয়নের সাথে সমন্বিত হতে ব্যাংক এ বছর নিজস্ব ওয়েবসাইট খুলেছে। ওয়েবসাইটটির ঠিকানা হচ্ছে www.al-arafah.com।

আল-আরাফাহ ইসলামী ব্যাংক ফাউন্ডেশন

ব্যাংকের আয়ের একটি অংশ জনকল্যাণমূলক কাজে ব্যয় করা হয়। এ সকল কাজের মধ্যে আল-আরাফাহ ইংলিশ মিডিয়াম মাদ্রাসা ও আল-আরাফাহ ইসলামী ব্যাংক লাইব্রেরী অন্যতম।

আল-আরাফাহ ইংলিশ মিডিয়াম মাদ্রাসা

ভবিষ্যত প্রজন্মকে ইসলামের শান্তি ও সাম্যের আর্ন্তজাতিক আদর্শে গড়ে তোলা এবং ব্যাংকিং কার্যক্রমসহ অন্যান্য ক্ষেত্রে ইসলামসম্মত পদ্ধতি চালু করার লক্ষ্যে জনসম্পদ তৈরি ও ব্যাপকার্থে মানব কল্যাণে অবদান রাখার লক্ষ্যে আল-আরাফাহ ইসলামী ব্যাংক ফাউন্ডেশন একটি ইংলিশ মিডিয়াম মাদ্রাসা স্থাপন করেছে।



আব্বাস রাব্বুল ইজ্জতের অশেষ রহমতে ১৯৯৯ সনে এ মহতি প্রচেষ্টার সূচনা হিসেবে ঢাকার ২১ সি, বিগাতলা, ধানমন্ডিতে আল-আরাফাহ ইংলিশ মিডিয়াম মাদ্রাসার কার্যক্রম আরম্ভ হয়েছে। ও লেভেল পর্যন্ত এ ধরনের প্রতিষ্ঠান বাংলাদেশে এই প্রথম।

আল-আরাফাহ ইসলামী ব্যাংক লাইব্রেরী

লাইব্রেরী হচ্ছে জ্ঞানের একান্ত বাহক ও সংরক্ষক। বাংলাদেশের বর্তমান সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় কোন আর্থিক বাণিজ্যিক প্রতিষ্ঠান অর্থ লেনদেনের পাশাপাশি বৃহত্তর স্বার্থে জ্ঞান অনুশীলনের মাধ্যমও রচনা করতে পারে, এর এক অভূতপূর্ব সাফল্য দেখিয়েছে দেশের শীর্ষস্থানীয় বাণিজ্যিক প্রতিষ্ঠান আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ। ৩২ তোপখানা রোড, চট্টগ্রাম ভবনের দ্বিতীয় তলায় কোলাহলমুক্ত নিরিবিলা ও ছায়াঘেরা মনোরম পরিবেশে প্রতিষ্ঠিত এ লাইব্রেরী ২০০০ সাল থেকে সকল স্তরের জনগণের জন্য উন্মুক্ত করে দেয়া হয়। প্রায় ২৩,০০০ (তেইশ হাজার) এরও অধিক দেশী বিদেশী পুস্তক সম্বলিত এ লাইব্রেরীতে প্রতিদিন বিভিন্ন ধরনের পাঠক তথা গবেষক, অধ্যাপক, ছাত্র-ছাত্রী, ব্যাংকার, ডাক্তার, প্রকৌশলী, লেখক, সাংবাদিক, অনুবাদক, ব্যবসায়ী, রাজনীতিক, কূটনৈতিক এবং শিশু কিশোরের সমাগম ঘটে। লাইব্রেরীতে ধর্ম, অর্থনীতি, ব্যাংকিং কম্পিউটার সাইন্স, ব্যবসায় প্রশাসন, সমাজ-বিজ্ঞান, ইংরেজী ও আরবী ভাষা, শিশু সাহিত্য ইত্যাদি বিষয়ের উপর বাংলা, ইংরেজী, উর্দু ও আরবী ভাষায় রচিত দেশী ও বিদেশী এমন কিছু বিরল গ্রন্থ রয়েছে যা বাংলাদেশের অন্য লাইব্রেরীতে খুঁজে পাওয়া দুস্কর।

কৃতজ্ঞতা স্বীকার

২০০৪ সালে ব্যবসায়িক সাফল্যের জন্য পরিচালনা পর্ষদ আব্বাস রাব্বুল আলামীর দরবারে শুকরিয়া আদায় করছে। ব্যাংকের সার্বিক কর্মকাণ্ডের বিভিন্ন স্তরে সমর্থন ও সহযোগিতা প্রদানের জন্যে পরিচালক পর্ষদ অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, জয়েন্ট ষ্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা ষ্টক এক্সচেঞ্জ লিঃ, চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ লিঃ এবং বিভিন্ন সরকারী, আধা সরকারী ও ব্যক্তি মালিকানাধীন সংস্থার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছে।

ব্যাংকের উপর আস্থা ও সমর্থনের জন্য শেয়ারহোল্ডারগণ, আমানতকারী, গ্রাহক ও শুভাকাঙ্ক্ষীদের প্রতি পরিচালনা পর্ষদ আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছে। সেই সাথে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ যাদের যোগ্যতা, সততা নিরলস কর্ম প্রচেষ্টা এবং আত্মত্যাগের ফলে ব্যাংক কাজক্ষিত সাফল্যে পৌঁছতে সক্ষম হয়েছে তাদের প্রতিও পরিচালনা পর্ষদ জানাচ্ছে কৃতজ্ঞতা এবং শুভেচ্ছা।

ইসলামের সেবা ও শরীয়াহ মোতাবেক ব্যাংক পরিচালনায় সফল হওয়ার জন্য আব্বাসপাক আমাদেরকে সাহস, ধৈর্য্য, পরিশ্রম ও ত্যাগ স্বীকার করার তৌফিক দান করুন। আমীন।

পরিচালক পর্ষদের পক্ষে



আলহাজ্ব আব্দুল মালেক মোল্লা
চেয়ারম্যান

তারিখ : ২৫ মে, ২০০৫

এক নজরে ব্যাংকের চিত্র

(মিলিয়ন টাকায়)

বিবরণ	১৯৯৯	২০০০	২০০১	২০০২	২০০৩	২০০৪
অনুমোদিত মূলধন	১০০০.০০	১০০০.০০	১০০০.০০	১০০০.০০	১০০০.০০	১০০০.০০
পরিশোধিত মূলধন	২৫৩.০০	২৫৩.০০	২৫৩.০০	২৫৩.০০	৫০৬.০০	৫৮৬.৯৬
সঞ্চিতি তহবিল	৪৬.৮৬	৭৩.০৭	১১৭.৬৩	১৫৫.৪৩	২৩১.৮৯	৪৮৮.০০
শেয়ারহোল্ডারদের ইকুইটি	২৯৯.৮৬	৩২৬.০৭	৩৭০.৬৩	৪০৮.৪৩	৭৩৭.৮৯	৯৫৭.২৬
আমানত	৬৪১৫.৭৯	৭৩০৭.৫৯	৭৮৭৯.১৮	৭১৬৩.০০	৮৬৪৩.২৭	১০১০৮.২৮
